

APR 22 2002

ভোয়ের কাগজ

তারিখ ... ..  
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৫ ...

## জাতীয় গ্রন্থবর্ষ উপলক্ষে সংস্কৃতি মন্ত্রণালয়ের কর্মসূচি

জাতীয় গ্রন্থবর্ষ ২০০২ উদযাপন উপলক্ষে গত মঙ্গলবার সংস্কৃতি বিষয়ক প্রতিমন্ত্রী বেগম সেলিমা রহমানের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে এক আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়।

সভায় জাতীয় গ্রন্থবর্ষ-২০০২ উদযাপনের জন্য ব্যাপক কর্মসূচি গ্রহণ করা হয়। কর্মসূচিসমূহ হচ্ছে জনগণকে উদ্বুদ্ধ করার জন্য পুস্তিকা, চিত্রকর ও পোস্টার প্রকাশ, বই লেখা ডকুমেন্টারি তৈরি, বেসরকারি উদ্যোগে পাঠাগার প্রতিষ্ঠা, দেশব্যাপী গ্রন্থসুহন সমিতি গঠন, বিষয়ভিত্তিক সেমিনার ও আলোচনাসভার আয়োজন, পুরস্কার হিসেবে বই প্রদান, লেখক-লেখিকাদের পুরস্কৃত করা, প্রকাশনার ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য পদক প্রদান, ২৩ এপ্রিলকে গ্রন্থবর্ষ দিবস উদযাপন, ডান্যমান গ্রন্থমেলা কর্মসূচি পালন এবং বই বিতরণ কর্মসূচি সম্প্রসারণ।

সভায় সংস্কৃতি, তথ্য, শিক্ষা এবং মহিলা ও শিশুবিষয়ক মন্ত্রণালয় ও অধীনস্থ মন্ত্রসমূহের প্রতিনিধিগণ অংশগ্রহণ করেন। সভা বিসংগী।